

স্মারক নম্বরঃ ৩৭.০১.০০০০.০৭৫.৩৯.০১০.২১.২৩০.

তারিখঃ ১০ জানুয়ারি ২০২২

বিষয়ঃ উচ্চশিক্ষান্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশের জন্য পাতুলিপি আহবান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উচ্চশিক্ষান্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশ করে আসছে। প্রতিবছরের ন্যায় এবছরও বিশ্ববিদ্যালয় শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, গবেষণাপ্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/গবেষক, কমিশন কর্তৃপক্ষ ও কর্মকর্তাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে পাতুলিপি আহবান করা যাচ্ছে।

শর্তাবলিঃ

১. ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা, ২০২০ অনুযায়ী নির্বাচিত লেখককে প্রকাশিত পুস্তকের জন্য এককালীন, ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সম্মানী প্রদান করা হবে।
 ২. বাংলায় সর্বোচ্চ ১২ ফন্ট ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ ফন্ট কম্পিউটার কম্পোজ করে ০৪ (চার) কপি পাতুলিপি A4 সাইজের কাগজে স্পাইরেল অথবা খোলা বাঁধাইপূর্বক কমিশনে দাখিল করতে হবে।
 ৩. পাতুলিপি ১/৬ ডবল ডিমাই বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করে পেনড্রাইভ/সিডিতে কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনে দাখিল করতে হবে।
 ৪. নির্ধারিত পাতুলিপি সাধারণভাবে ১/৬ ডবল ডিমাই সাইজে ৩০০ পৃষ্ঠা বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজের ক্ষেত্রে ২৫০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে এ ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
 ৫. লেখক কর্তৃক পাতুলিপির মৌলিকত্বের ঘোষণাপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।
 ৬. বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পাতুলিপি প্রণয়ন করা যাবে। পাতুলিপি পুস্তক প্রকাশনা নীতিমালা অনুযায়ী নির্বাচন করা হবে। অন্য কোন প্রকাশক বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুনঃমুদ্রণ বা পুনঃসংস্করণের জন্য গ্রহণ করা হবে না।
 ৭. পাতুলিপি বানান রীতিতে প্রমিত নিয়ম অনুসরণ করতে হবে এবং বিশেষজ্ঞের মতামত নিয়ে পাতুলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া গ্রহণ করা হবে।
 ৮. প্রকাশিত বইয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের সংশ্লিষ্ট সিলেবাসের কতটুকু অংশ অন্তর্ভুক্ত (Cover of Syllabus) এবং এক বা একাধিক কোর্সের মোট কত মানের উত্তর সংবলিত হবে (Marks allotted to topics in the book) তা উল্লেখ থাকতে হবে।
 ৯. পাতুলিপি ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচনের পর বিশেষজ্ঞ মতামতানুযায়ী যদি পাতুলিপির বিষয়গত ও ভাষাগত মানোন্নয়নের আবশ্যিকতা দেখা দেয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পাতুলিপি প্রণেতার সঙ্গে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হবে।
 ১০. সাধারণভাবে নির্বাচিত পাতুলিপির প্রথম সংস্করণ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি প্রকাশ করা হবে। তবে চাহিদার পরিপ্রেক্ষিতে কত কপি পুস্তক প্রকাশ করা যাবে তার সংখ্যা কমিশন কর্তৃপক্ষ নির্ধারণ করবেন।
 ১১. ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত পাতুলিপি সংশ্লিষ্ট বিষয়ের এক বা একাধিক বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন এবং আনুসঙ্গিক সম্পাদনার কাজ শেষ করে চূড়ান্ত পর্যায়ে পাতুলিপি পুস্তক আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।
 ১২. পাতুলিপি পুস্তক আকারে মুদ্রণ করার পূর্বে নন-জুডিশিয়াল স্ট্যাম্প লেখক কমিশনের সঙ্গে 'সমঝোতা স্মারক' সম্পাদন করবেন।
 ১৩. অনুবাদ গ্রন্থ প্রকাশ করার ক্ষেত্রে উদ্যোগী ব্যক্তি হলে ব্যক্তি এবং প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠান কর্তৃক লেখক ও প্রকাশকের (যিনি মূল কপি রাইটের অধিকারী তার নিকট হতে) অনুমতিপত্র সংগ্রহ করে তা আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
- কমিশনের মাধ্যমে বই প্রকাশে আগ্রহী লেখকগণকে আগামী ১৫ ফেব্রুয়ারী ২০২২ তারিখের মধ্যে ৪ (চার) কপি পাতুলিপি কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিতঃ

মোঃ শাহীন সিরাজ
উপ-পরিচালক (পাবলিকেশন)
ফোনঃ ৫৮১৬০২৪৫
ইমেইলঃ shahin@ugc.gov.bd


শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/১৫৪২

তারিখঃ ১৬-০১-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) , শেকুবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকুবি (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ৫। পি.এস.টু ভিসি(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৬। পি.এ.টু ট্রেজারার/রেজিস্ট্রার(ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৭। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা।
- ৮। অফিস কপি।


(আলম তাজ বেগম)
এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকুবি, ঢাকা-১২০৭।